AKASHVANI (Kolkata)
Regional News Unit

Date: 10-01-2026 **Time: 1-30 P.M**

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) প্রধানমন্ত্রী আজ তিনদিনের গুজরাট সফরে যাচ্ছেন। আগামীকাল তিনি সোমনাথ স্বাভিমান পর্বে শৌর্যযাত্রায় অংশ নেবেন।

২/ কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী ‘বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ ২০২৬’- এর উদ্বোধনী অনুষ্ঠানে বলে□ন, ২০৪৭ সালের মধ্যে উন্নত ভারত গড়ে তোলার জন্য যুবসম্প্রদায়ের প্রতিভা এবং সৃজনশীলতা চিহ্নিত করার একটি প্রক্রিয়া সূচিত হল।

৩) রেলমন্ত্রী বলে□ন, ভারতীয় রেল এখন বিশ্বমানে পৌঁ□তে সম্পূর্ণ প্রস্তুত।

৪) ইরানে ৩১ টি প্রদেশের সব কটিতেই, সরকার বিরোধী আন্দোলন □ড়িয়ে পড়ায় মৃতের সংখ্যা বেড়ে হয়ে□ ৬২।

৫) ব্যাডমিন্টনে মালোয়েশিয়া ওপেনে আজ পি ভি সিন্ধুর বিদায়ে শেষ হয়ে গেল ভারতের অভিযান।

****

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ গুজরাত সফরে যাচ্ছেন। তিনদিনের এই সফরকালে শ্রী মোদী, ‘সোমনাথ স্বাভিমান পর্ব’ সহ বিভিন্ন অনুষ্ঠানে যোগ দেবেন। রাজকোট, আমেদাবাদ ও গান্ধিনগরে একাধিক উন্নয়নমূলক কর্মসূচীতেও তাঁর অংশ গ্রহণের কথা।

উল্লেখ্য, সোমনাথ মন্দিরের সহনশীল প্রতিমূর্তিকে বিশ্বের দরবারে তুলে ধরতে গির সোমনাথ জেলার উপকূলবর্তী শহর ভেরাভালে, বৃহস্পতিবার শুরু হয়ে□ এই সোমনাথ স্বাভিমান পর্ব। ১০২৬ খ্রিস্টাব্দে গজনির মাহমুদ সোমনাথ মন্দিরের ওপরে প্রথম হামলা চালান। সেই আক্রমণের ১ হাজার ব□র পূর্তি উপলক্ষে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়ে□। একইসঙ্গে ১৯৫১ সালে পুনর্গঠিত মন্দির উদ্বোধনের ও এবার ৭৫ব□র পূর্তি হচ্ছে। স্বাধীনতার পর সর্দার বল্লভভাই প্যাটেল, এই মন্দিরের পুনর্গঠনের কাজের উদ্যোগ নেন। তৎকালীন রাষ্ট্রপতি ডঃ রাজেন্দ্র প্রসাদ এর উপস্থিতিতিতে ১৯৫১ য় মন্দিরটি আনুস্থানিকভাবে ভক্তদের জন্যে খুলে দেওয়া হয়।

আকাশবাণীর সংবাদদাতা জানাচ্ছেন, প্রধানমন্ত্রী আজ বিকেলে সোমনাথে পৌঁ□ সেখানে ওমকার মন্ত্র উচ্চারণে অংশ নেবেন। সোমনাথ মন্দিরে ড্রন শো ও প্রত্যক্ষ করবেন তিনি।

শ্রী মোদী **আগামিকাল শৌর্য যাত্রায়** অংশ নেবেন। যে সমস্ত বীর সেনানী, সোমনাথ মন্দিরের রক্ষায় নিজেদের জীবন উৎসর্গ করে□ন, এই পদযাত্রায় তাঁদের প্রতি শ্রদ্ধা জানানো হবে। এ □াড়াও প্রধানমন্ত্রী সোমনাথ স্বাভিমান পর্ব উপলক্ষে এক অনুষ্ঠানে যোগদান এবং মন্দির দর্শন ও পূজাতেও অংশ নেবেন। ওই দিন বিকেলেই প্রধানমন্ত্রী যাবেন রাজকোটে। সেখানে মাড়ওয়ারি বিশ্ববিদ্যালয়ে তাঁর কচ্ছ ও সৌরাষ্ট্র অঞ্চলের জন্যে ভাইব্রান্ট গুজরাত আঞ্চলিক সম্মেলনের উদ্বোধন ও এক সমাবেশে ভাষণ দেওয়ার কর্মসূচী রয়ে□। সম্মেলনে বাণিজ্য প্রদর্শনীরও সূচনা করবেন তিনি।

রাজকোট থেকে প্রধানমন্ত্রী যাবেন আমেদাবাদে। সেখানে সেক্টর- ১০-এ থেকে মহাত্মা মন্দির পর্যন্ত মেট্রো পরিষেবার দ্বিতীয় পর্যায়ের বাকি অংশেরও উদ্বোধন করবেন তিনি। সোমবার শ্রী মোদী, আমেদাবাদে জার্মান চ্যান্সেলর ফ্রেডরিক মারৎজ-এর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। উভয় নেতা সবরমতি আশ্রম ও পরিদর্শন করবেন, যোগ দেবেন আন্তর্জাতিক ঘুড়ি উৎসবেও ।

****

কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী মনসুখ মান্ডভিয়া বলে□ন দেশের ভবিষ্যৎ গঠনে দেশের যুবসমাজের গুরুত্বপূর্ণ ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। নতুনদিল্লিতে বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ ২০২৬-এর উদ্বোধনী অনুষ্ঠানে আজ বক্তব্য রাখার সময় শ্রী মান্ডভিয়া বলেন, এই আলোচনা তরুণ নেতাদের প্রযুক্তি, শিল্পোদ্যোগ, প্রশাসন এবং সুস্থায়ী সামাজিক উন্নয়নের মতো ক্ষেত্রে উদ্ভুত সমস্যার সমাধানে অবদান রাখতে উৎসাহিত করে।

মন্ত্রী বলেন, এই আয়োজন ২০৪৭ সালের মধ্যে উন্নত ভারত গড়ে তোলার জন্য যুবদের প্রতিভা এবং সৃজনশীলতা চিহ্নিত করার একটি প্রক্রিয়া। এ ক্ষেত্রে দেশের জনবিন্যাসই সবচেয়ে বড় শক্তি। সাহসী মানসিকতা এবং উদ্ভাবনের মাধ্যমে যুবসমাজকে ক্ষমতায়ন করা আমাদের অন্যতম লক্ষ্য । দেশকে একটি উন্নত রাষ্ট্রে পরিণত করার চালিকা শক্তি হল আমাদের যুব সম্প্রদায়। শ্রী মান্ডভিয়া বলেন যে এই মঞ্চ রাষ্ট্র গঠনে যুব সম্প্রদায়কে সক্রিয়ভাবে যুক্ত করার বিষয়ে সরকারের প্রতিশ্রুতির প্রতিফলন-
(বাইট- মান্ডবিয়া)

****

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলে□ন, দেশের যুবসমাজ শক্তিশালী ও সমৃদ্ধ জাতি গঠনের মূল চালিকা শক্তি। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগে দেশের যুবসমাজের সঙ্গে যুক্ত হওয়ার জন্য তিনি তাঁর আগ্রহ প্রকাশ করে□ন। প্রধানমন্ত্রী বলেন, দেশের যুবশক্তি রাষ্ট্রের উন্নয়ন ও অগ্রগতির বিষয়ে দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ।

তিনি সোমবার নতুন দিল্লিতে স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ ২০২৬-এর সমাপ্তী অধিবেশনে যোগ দেবেন। অনুষ্ঠানে, প্রধানমন্ত্রী দেশ বিদেশের তিন হাজার যুবক যুবতীর সঙ্গে মতবিনিময় করবেন। বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ ২০২৬-এর জন্য প্রবন্ধ সংকলনও প্রকাশ করবেন তিনি। এই সঙ্কলনে দেশের উন্নয়নের লক্ষ্য এবং দীর্ঘমেয়াদী উদ্যোগ সম্পর্কে নির্বাচিত প্রবন্ধ থাকবে।

প্রধানমন্ত্রীর আহ্বানে রাজনীতির উর্ধে উঠে এক লক্ষ তরুণ-তরুণী একটি উন্নত রাষ্ট্রের জন্য তাদের ভাবনাকে তুলে ধরবেন। বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ যুব সম্প্রদায়কে জাতীয় নেতৃত্বের সঙ্গে সম্পৃক্ত হওয়ার একটি মঞ্চের ব্যবস্থা করে□।

এ ব□র এই অনুষ্ঠানে ৫০ লক্ষেরও বেশি যুবক যুবতী অংশগ্রহণ করে□। এবারই এই আয়োজনে ডিজাইন ফর ভারত, টেক ফর বিকশিত ভারত-হ্যাক ফর-এ সোশ্যাল কজ-এর মত বিষয়গুলি অন্তর্ভুক্ত হয়ে□।

****

সংসদের বাজেট অধিবেশন শুরু হবে আগামী ২৮ শে জানুয়ারি। চলবে দোসরা এপ্রিল পর্যন্ত। সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজিজু গতকাল সামাজিক মাধ্যমে এক বার্তায় জানিয়ে□ন, বাজেট অধিবেশনের প্রথম পর্ব চলবে ১৩ ই ফেব্রুয়ারি পর্যন্ত। দ্বিতীয় পর্বের অধিবেশন শুরু হবে ৯ ই মার্চ।
শ্রী রিজিজু আরও জানান, কেন্দ্রীয় সরকারের সুপারিশের ভিত্তিতে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, সংসদের বাজেট অধিবেশন ডাকার বিষয়টি অনুমোদন করে□ন।
এই বাজেট অধিবেশন, অর্থবহ আলোচনা এবং জনকেন্দ্রিক প্রশাসনের পথ আরও সুগম করবে বলেও তিনি আশা প্রকাশ করেন।

****

রেলমন্ত্রী অশ্বিন বৈষ্ণো বলে□ন, ভারতীয় রেল এখন বিশ্বমানে পৌঁ□তে সম্পূর্ণ প্রস্তুত। ২০৪৭ উন্নত দেশ হিসেবে আত্মপ্রকাশ করার পথে ভারত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন কর□। গতকাল নতুন দিল্লিতে ৭০ তম অতি বিশিষ্ট রেল সেবা পুরস্কার অনুষ্ঠানে ২ ১০০ জন রেলকর্মীকে পুরস্কৃত ও উল্লেখ্যযোগ্য কাজের স্বীকৃতি হিসেবে রেলওয়ে জোনগুলিকে ২৬ টি শিল্ড দিয়ে সম্মানিত করার পর অশ্বিনী বৈষ্ণো বলেন, ভারতীয় রেল ২০২৬ সালের জন্য ৬ টি নতুন লক্ষ্য স্থির করে□।

(বাইট- বৈষ্ণো)

এর মধ্যে রয়ে□ ৫২ সপ্তাহে ব্যবস্থা অনুযায়ী সংস্কার, প্রযুক্তি ও কৃত্রিম বুদ্ধিমত্তার সাহায্যে বিশ্বাসযোগ্যতা ও উৎপাদনশীলতা বৃদ্ধি, রক্ষণাবেক্ষণের মানোন্নয়ন, নিরাপত্তা ব্যবস্থা শক্তিশালী করা ও ঔপনিবেশিক মানসিকতা থেকে বেরিয়ে আসা প্রভৃতি। ভারতীয় রেল, স্টার্ট আপ ও উদ্ভাবকদের সঙ্গে সমন্বয় করে একটি নতুন উদ্ভাবনী পোর্টালে তাদের যুক্ত করা হবে বলে তিনি জানান। AI কে রক্ষণাবেক্ষণের কাজে আরও বিরাটভাবে ব্যবহার করা হবে বলে তিনি উল্লেখ করেন।

****

হাওড়া–অসমের কামাখ্যার মধ্যে বন্দে ভারত স্লিপার ট্রেনের সম্ভাব্য সময়সূচী ও স্টপেজ গতকাল রেলের পক্ষ থেকে জানানো হয়ে□। কামাখ্যা থেকে বুধ এবং হাওড়া থেকে বৃহস্পতিবার বাদে সপ্তাহে ৬ দিন এই ট্রেন চলাচল করবে।

কামাখ্যা থেকে সন্ধে ৬ টা ১৫ মিনিটে □ড়ে পরদিন সকাল ৮ টা ১৫ মিনিটে ট্রেনটি হাওড়া পৌঁ□াবে।

অন্যদিকে, হাওড়া থেকে সন্ধে ৬ টা ২০ মিনিটে ট্রেনটি □ড়ে পরদিন সকাল ৮ টা ২০ মিনিটে কামাখ্যা পৌঁ□াবে।

কামাখ্যা ও হাওড়ার মধ্যে চলাচলের পথে যে সমস্ত স্টেশনে ট্রেনটি থামবে সেগুলি হলো - Rangiya, নিউ বঙ্গাইগাঁও, নিউ আলিপুরদুয়ার, নিউ কোচবিহার, জলপাইগুড়ি রোড, নিউ জলপাইগুড়ি, আলুয়াবাড়ি রোড, মালদা টাউন, নিউ ফারাক্কা, আজিমগঞ্জ, কাটোয়া, নবদ্বীপ ধাম ও ব্যান্ডেল।

****

চিফ অফ ডিফেন্স স্টাফ জেনারেল অনিল চৌহান বলে□ন, অপারেশন সিন্দুরের পর পাকিস্তান সামরিক ও সাংবিধানিক পুনর্গঠনের কাজ দ্রুত শুরু করে□। গতকাল পুনেতে এক অনুষ্ঠানে **তিনি** বলেন, গত এপ্রিলে জঙ্গি হামলার পর অপারেশন সিন্দুর পাকিস্তানকে বাধ্য করে□ল, সাংবিধানিক সংশোধনের পথে যেতে। সেদেশের সংবিধানের ২৪৩ নম্বর ধারা সংশোধনের মধ্য দিয়ে পাকিস্তান প্রতিরক্ষা ক্ষেত্রে তাৎপর্যপূর্ণ পরিবর্তন নিয়ে এসে□।

****

ইরানে ৩১ টি প্রদেশের সব কটিতেই সরকার বিরোধী আন্দোলন □ড়িয়ে পড়ে□। ২০২২ এর অশান্তির ঘটনার পর থেকে সে দেশ এই প্রথম এতো বড় চ্যালেঞ্জের সম্মুখীন। পশ্চিম এশিয়ার এই দেশে বিক্ষোভ আন্দোলনের জেরে অর্থনৈতিক সংকট ঘনীভূত হয়ে□, বৃদ্ধি পেয়ে□ মুদ্রাস্ফীতি, বেকারত্ব।

মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক ইরানের মানবাধিকার গোষ্ঠী Human Rights Activists News Agency জানিয়ে□, গত মাসের ২৮ তারিখ এই আন্দোলন শুরু হওয়ার পর থেকে মৃতের সংখ্যা বেড়ে হয়ে□ ৬২। নিহতদের মধ্যে আ□ন ১৪ জন নিরাপত্তা কর্মী ও ৪৮ জন বিক্ষভকারি। অশান্তির ঘটনায় আটক হয়ে□ ২ হাজার ৩০০ জনেরও বেশি।

এদিকে, আন্দোলন □ড়িয়ে পড়ায় ইরান দেশজুড়ে ইন্টারনেট পরিষবা বন্ধ করে দিয়ে□। শাট ডাউন শুরু হওয়ার পর থেকেই ডিজিটাল মাধ্যমেও কড়া নজরদারির পাশাপাশি বিভিন্ন নিষেধাজ্ঞা আরোপ করা হয়ে□।

তেহরানের মেয়র আলিরেজা জাকানি জানিয়েছেন, বিক্ষোভকারীরা ২৬টি ব্যাংক, দুটি হাসপাতাল এবং ২৫টি মসজিদ সহ দেশের অর্থনৈতিক প্রতিষ্ঠান ও পরিকাঠামোকে লক্ষ্যবস্তু করেছে। পুলিশের সম্পত্তি এবং ৪৮টি অগ্নিনির্বাপক ট্রাকও আক্রান্ত।

****

ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেইনি অভিযোগ করেছেন, বিক্ষোভকারীরা মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের হয়ে কাজ করছে এবং সরকারি সম্পত্তির উপর আক্রমণ চালাচ্ছে। টেলিভিশনে দেওয়া এক ভাষণে খামেইনি বলেছেন, ইরানের জনগণ ঐক্যবদ্ধভাবে সব শত্রুকে পরাজিত করবে। তিনি মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পকে নিজের দেশের সমস্যা সমাধানের দিকে নজর দেওয়ার পরামর্শ দিয়েছেন।

এদিকে ইরানের বিচার বিভাগের প্রধান গোলাম হুসেইন মহসেনি এজেই, পুনরায় জোর দিয়ে বলেছেন, বিক্ষভকারিদের জন্যে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যাবস্থা করা হবে। অন্যদিকে রাষ্ট্রপতি মাসুদ পেজেশকিয়ান, সংযমের আর্জি জানানোর পাশাপাশি সরকারকে প্রকৃত অভাব অভিযোগ শোনারও আবেদন জানিয়েছেন।

মার্কিন যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে অবশ্য এ ব্যাপারে এখনও কোন প্রতিক্রিয়া পাওয়া যায়নি। রাষ্ট্রপতি ট্রাম্প, শান্তিপূর্ণ বিক্ষভকারীদের সমর্থনের কথা পুনর্ব্যক্ত করে বলেছেন, আন্দোলনকারীদের মৃত্যু হলে ইরানকে তার ফল ভোগ করতে হবে।

****

তালিবান প্রশাসনের ঊর্ধ্বতন সদস্য মুফতি নূর আহমেদ নূর আফগানিস্তান দূতাবাসের চার্জ ডি'অ্যাফেয়ার্স হিসেবে দায়িত্ব গ্রহণের জন্য নতুন দিল্লিতে এসে পৌঁছেছেন। তিনি এর আগে আফগানিস্তানের বিদেশ মন্ত্রকের উচ্চপদস্থ আধিকারিকের দায়িত্ব পালন করেন। গত অক্টোবরে ভারত সফরের সময় বিদেশমন্ত্রী আমির খান মুত্তাকির প্রতিনিধি দলের সদস্য ছিলেন তিনি।

গত কয়েক মাস ধরে ভারত ও আফগানিস্তানের দ্বিপাক্ষিক সম্পর্ক ধীরে ধীরে স্বাভাবিক হচ্ছে। ভারত চিকিৎসা সহায়তা সহ মানবিক সহায়তা প্রদান অব্যাহত রেখেছে, অন্যদিকে মুম্বাই ও হায়দ্রাবাদে আফগান কনস্যুলেটগুলি ইতিমধ্যেই তালেবান প্রশাসনের নিযুক্ত কূটনীতিকরা পরিচালনা করছেন। ব্যবসা-বাণিজ্য, জ্বালানি এবং আঞ্চলিক স্তরে যোগাযোগ প্রকল্পে সহযোগিতা বৃদ্ধির জন্য সম্প্রতি বেশ কয়েকটি উচ্চ-স্তরের আফগান প্রতিনিধিদলও ভারত সফর করেছে।

****

ব্যাডমিন্টনে, মালয়েশিয়া ওপেনে আজ পিভি সিন্ধুর বিদায়ে শেষ হয়ে গেল ভারতের অভিযান। কুয়ালালামপুরে সেমিফাইনালে চিনের ওয়াং ঝি ইয়ের কাছে ১৬-২১, ১৫-২১ ব্যবধানে হেরে টুর্নামেন্ট থেকে বিদায় নেন দুইবারের অলিম্পিক পদকজয়ী পিভি সিন্ধু। এর আগে, ভারতের পুরুষদের ডাবলস জুটি সাত্ত্বিকসাইরাজ রঙ্কিরেড্ডি এবং চিরাগ শেট্টি কোয়ার্টার ফাইনালে ইন্দোনেশিয়ান জুটি ফাজার আলফিয়ান এবং মুহাম্মদ ফিকরির কাছে ১০-২১, ২১-২৩ ব্যবধানে হেরে যাওয়ায় টুর্নামেন্ট থেকে ছিটকে যায়।

****

ক্রিকেটে, Women প্রিমিয়ার লিগে ইউপি ওয়ারিয়র্স আজ নভি মুম্বাইয়ের ডিওয়াই পাতিল স্পোর্টস একাডেমিতে গুজরাট জায়ান্টসের মুখোমুখি হবে। খেলা শুরু হবে বিকেল ৩টায়।

নভি মুম্বাইয়ে গতকাল, উদ্বোধনী ম্যাচে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু আগের বারের চ্যাম্পিয়ন মুম্বাই ইন্ডিয়ান্সকে তিন উইকেটে হারিয়েে□। চতুর্থ Women প্রিমিয়ার লিগের খেলাগুলি নভি মুম্বাইয়ের ডিওয়াই পাতিল স্পোর্টস একাডেমি এবং ভদোদরার বিসিএ স্টেডিয়ামে হচ্ছে।

****

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান নতুনদিল্লির কৃষি ভবনে ফিজির কৃষিমন্ত্রী তোমাসি টুনাবুনার সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন। শ্রী চৌহান বলেন, উভয়দেশ দ্বিপাক্ষিক সহযোগিতার মূল ক্ষেত্র হিসেবে কৃষি ও খাদ্য নিরাপত্তার গুরুত্বকে স্বীকৃতি দেয়।

দুই পক্ষ সাক্ষরিত সমঝোতাপত্রর সময়সীমা আরও পাঁচ ব□রের জন্য বর্ধিত করতে এবং একটি যৌথ কর্মী গোষ্ঠী গড়ে তুলতে রাজি হয়েে□। আলোচনায় কৃষি সংক্রান্ত প্রশিক্ষণ ও সক্ষমতা বৃদ্ধির কর্মসূচি, ডিজিটাল পদ্ধতিতে চালিত কৃষি সরঞ্জামের প্রযুক্তিগত তথ্য হস্তান্তরের পন্থা পদ্ধতি এবং চিনি শিল্প স্থান পেয়েে□। পাশাপাশি গবেষণা, পরিকাঠামো শক্তিশালী করা, জিনগত তথ্য বিনিময় এবং খাদ্য অপচয় বন্ধ করা সংক্রান্ত তথ্য ভাগাভাগির বিষয় নিয়েও মতবিনিময় হয়েে□।

****